**এই চুক্তি Instant Trading Ltd. (এরপর থেকে "কোম্পানি" হিসাবে উল্লেখ করা হয়েছে) এবং অংশীদারের মধ্যে সম্পন্ন হয়েছে। উভয় পক্ষ নিম্নোক্ত বিষয়গুলোতে একমত হয়েছে:**

**1.** সাধারণ বিধানসমূহ

**1.1.** কোম্পানি এবং অংশীদার গ্রাহক রেফার করার দায়িত্বভার গ্রহণ করছে, যাতে করে গ্রাহকগণ কোম্পানির উপকরণ ব্যবহার করে লেনদেন করে।

**1.2.** কোম্পানির ব্রোকার সেবার আওতায় গ্রাহকদেরকে প্রবেশ করানোর জন্য অংশীদার এই চুক্তিতে বর্ণিত দায়িত্ব ও কর্তব্য পালন করবে। এছাড়াও অংশীদার অন্যান্য দায়িত্ব ও কর্তব্য পালন করবে। বর্তমান চুক্তিতে বর্ণিত নিয়মানুসারে, অংশীদার তার নিজের নাম ব্যবহার করে কোম্পানিতে গ্রাহক রেফার করবে।

**1.3.** অংশীদার কোনো শর্ত ছাড়াই স্বীকার করছে যে, রেফার করা সকল গ্রাহক কোম্পানির গ্রাহক।

**1.4.** ভাষা

**1.4.1.** বর্তমান চুক্তির প্রশাসনিক ভাষা ইংরেজি।

**1.4.2.** অংশীদারদের সুবিধার জন্য কোম্পানি অন্য ভাষায় বর্তমান চুক্তির অনুবাদ প্রদান করতে পারে। অনুবাদের উদ্দেশ্য শুধুমাত্র তথ্য প্রদান করা।

**1.4.3.** যদি বর্তমান চুক্তির ইংরেজি সংস্করণের সাথে অন্য সংস্করণের অমিল পাওয়া যায়, তাহলে ইংরেজি সংস্করণ প্রাধান্য পাবে।

**1.5.** অংশীদারের পরিচয় যাচাইকরণ

**1.5.1.** অ্যাফিলিয়েট প্রোগ্রামে নিবন্ধনের সময় অংশীদার কর্তৃক প্রদানকৃত যেকোনো তথ্য সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য কোম্পানি প্রয়োজনীয় কাগজপত্র বা অতিরিক্ত তথ্যের জন্য অনুরোধ করতে পারে। এই উদ্দেশ্যে কোম্পানি অংশীদারের আইডি এর স্ক্যান করা কপি অথবা নোটারি কপি (কোম্পানির ইচ্ছা অনুযায়ী) প্রদানের জন্য অংশীদারকে অনুরোধ করতে পারে।

**1.5.2.** অংশীদার যদি আইডি এর স্ক্যান কপি অথবা নোটারি কপি পাঠানোর অনুরোধ না পেয়ে থাকে, তাহলে অ্যাফিলিয়েট অ্যাকাউন্টের যাচাইকরণ ঐচ্ছিক বলে গণ্য হবে। যাহোক, কোম্পানি কিছু কিছু সেবা যাচাইবিহীন অ্যাকাউন্টকে প্রদান না করার অধিকার সংরক্ষণ করে। এক্ষেত্রে, অংশীদার যাচাইকরণ কার্যক্রম ঐচ্ছিক আকারে সম্পন্ন করতে পারে।

**1.5.3.** নিবন্ধন করার সময় প্রদানকৃত কোনো তথ্য (নাম, বসবাসের ঠিকানা অথবা টেলিফোন নম্বর) পরিবর্তন করতে চাইলে, অংশীদারকে কোম্পানির অংশীদার সম্পর্ক বিভাগে যোগাযোগ করে সর্বশেষ তথ্য হালনাগাত করার জন্য অনুরোধ করতে হবে।

**1.5.4.** অংশীদার সম্মত হবেন যে, অ্যাফিলিয়েট প্রোগ্রামে নিবন্ধন করার সময় প্রদানকৃত যেকোনো তথ্য কোম্পানি অর্থ পাচার রোধ সম্পর্কিত কার্যক্রমে ব্যবহার করতে পারবে।

**1.5.5.** আইডিগুলোর (আইডিগুলোর কপি) সত্যতার বিষয়ে অংশীদার দায়িত্ব গ্রহণ করবে। অংশীদার স্বীকার করছে যে, আইডি এর সত্যতার বিষয়ে কোনো সন্দেহ দেখা দিলে কোম্পানি আইডি ইস্যুকৃত দেশের আইন প্রয়োগকারী সংস্থার সহায়তা নিতে পারবে। আইডি এর জালিয়াতি ধরা পড়লে কোম্পানি অংশীদারকে আইডি ইস্যুকারী দেশের আইন অনুযায়ী শাস্তির আওতায় আনতে পারবে।

**2.** গ্রাহকদের সাথে সম্পর্ক

**2.1.** অংশীদার কোম্পানির ওয়েবসাইটের সংশ্লিষ্ট অংশ উল্লেখ করে কোম্পানি সম্পর্কিত যেকোনো বিজ্ঞাপনী তথ্য প্রচার করতে পারবে। এছাড়াও, কোম্পানি কর্তৃক সম্ভাব্য গ্রাহকদের জন্য প্রদত্ত তথ্য সরবারহ করতে পারবে।

**2.2.** অংশীদার গ্রাহকের কাগজপত্র ও চুক্তির সত্যতা এবং আইনগত বৈধতা যাচাই করে কোম্পানির কাছে জমা প্রদান করবে।

**2.3.** কোম্পানির ব্রোকার সেবায় প্রবেশ করার জন্য অংশীদার গ্রাহককে গুরুত্বপূর্ণ ও অপরিহার্য তথ্যগুলো প্রদান করবে। অংশীদার গ্রাহককে কোম্পানির সেবা ও চুক্তির শর্তাবলীর ব্যাখ্যা প্রদান করবে।

**2.4.** পাবলিক অফার এগ্রিমেন্টে স্বাক্ষর করার আগে মুদ্রা লেনদেনের ঝুঁকি সম্পর্কে অংশীদার গ্রাহককে জানাতে বাধ্য।

**2.5.** লেনদেন কার্যক্রমের ক্ষেত্রে কোনো গ্রাহককে অনুপ্রাণিত করার জন্য তথ্য ও পরামর্শ প্রদান করা কোম্পানির সেবার অংশ নয়। বিশেষ কোনো পরিস্থিতিতে তথ্য, নির্দেশনা বা পরামর্শ প্রদান করার অধিকার কোম্পানির রয়েছে, তবে এরূপ নির্দেশনার ফলাফলের দায়ভার কোম্পানি বহন করবে না। ভুল তথ্য অথবা অন্য কোনো ভুলের কারণে সংঘঠিত সকল লেনদেন কার্যকর হবে এবং কোম্পানি ও গ্রাহক বাধ্যতামূলকভাবে তা সম্পাদন করবে।

**2.6.** ট্রেডিং অ্যাকাউন্টের লেনদেন কার্যক্রমের ক্ষেত্রে অংশীদার গ্রাহককে পরামর্শ ও নির্দেশনা প্রদান থেকে বিরত থাকবে। তা না হলে, কোম্পানি এরূপ পরামর্শ ও নির্দেশনা প্রদানের দায়ভার গ্রহণ করবে না।

**3.** অংশীদারের অধিকার ও বাধ্যবাধকতা

**3.1.** পার্টনার নতুন গ্রাহক রেফার করতে বাধ্য থাকবে, ফলে গ্রাহক কোম্পানি থেকে ব্রোকারেজ সেবা গ্রহণের চুক্তি করবে এবং কোম্পানির শর্তবাবলী মেনে আন্তর্জাতিক অর্থ বাজারে কার্যক্রম পরিচালনা করবে। এর আগে কোম্পানিতে অ্যাকাউন্ট ছিল না এমন প্রত্যেক নতুন গ্রাহকের জন্য অ্যাফিলিয়েট কমিশন প্রদান করা হয়।

**3.2.** কমিশন পাওয়ার জন্য অংশীদার কোম্পানিতে অ্যাফিলিয়েট অ্যাকাউন্ট খুলতে বাধ্য।

**3.3.** বর্তমান চুক্তির আওতায় কোম্পানির লিখিত অনুমতি ব্যাতিরেকে অংশীদার কোনো সাব-এজেন্সি তৈরি করতে পারবে না অথবা এমন কোনো চুক্তি করতে পারবে না যার মাধ্যমে অংশীদার তার দায়িত্ব কোনো তৃতীয় পক্ষকে আংশিকভাবে বা সম্পূর্ণরূপে প্রদান করতে পারে। শুধু কোম্পানির অনুমতি পাওয়ার মাধ্যমেই এই ধরণের অধিকার অর্জন সম্ভব।

**3.4.** বিপণন ও বিজ্ঞাপনী প্রচারণার পরিকল্পনা তৈরি ও তার বাস্তবায়ন করার অধিকার অংশীদারের রয়েছে, তবে তা কোম্পানি কর্তৃক অনুমোদিত হতে হবে।

**3.5.** অংশীদার যদি YANDEX, GOOGLE ইত্যাদি সার্চ ইঞ্জিনে কিওয়ার্ড হিসাবে "Instant Trading Ltd." বা এর কাছাকাছি বানানের কোনো শব্দ ব্যবহার করে অথবা অন্য কোনো ভাষায় এরূপ শব্দ ব্যবহার করে, তাহলে কোম্পানি কোনো নোটিশ প্রদান ছাড়াই অ্যাফিলিয়েট কমিশন বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

**3.6.** পাবলিক অফার এগ্রিমেন্ট অনুযায়ী ব্যক্তিগত গ্রাহক অ্যাকাউন্ট আকারে অ্যাফিলিয়েট অ্যাকাউন্ট সহজলভ্য, অর্থাৎ অ্যাফিলিয়েট অ্যাকাউন্টে অংশীদার লেনদেন কার্যক্রম সম্পন্ন করতে পারবে। গ্রাহকগণ তাদের অ্যাকাউন্টে অর্থ জমা করার জন্য যেসব মুদ্রা ব্যবহার করে সেগুলো দ্রুত পরিবর্তনশীল হওয়ার কারণে কোম্পানি অংশীদারের সাথে মিমাংশার ক্ষেত্রে ঐসব মুদ্রার গড় বিনিময় হার ব্যবহার করার অধিকার সংরক্ষণ করে।

**3.7.** ব্যবসা পরিচালনা ও কোম্পানির সেবা প্রদান করার ক্ষেত্রে কোনো সমস্যার সম্মুখীন হলে অংশীদার সমস্যার বিস্তারিত বর্ণনা সহ কোম্পানির সাথে যোগাযোগ করবে। সমস্যা সমাধানের সম্ভাব্য উপয়াগুলো নিয়ে কোম্পানি যথা সময়ে

অংশীদারের সাথে আলোচনা করবে।

**3.8.** গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টে অংশীদার লেনদেন কার্যক্রম পরিচালনা করতে পারবে না।

**3.9.** অংশীদার গ্রাহকদের সাথে কোনো নিষ্পত্তিতে পৌঁছাতে পারবে না (অর্থের বিনিময়ে বা অর্থ ছাড়া, জাতীয় বা বিদেশী মুদ্রায়) এবং গ্রাহকদের কাছ থেকে অর্থ, সিকিউরিটিস অথবা অন্য কোনো সম্পদ গ্রহণ করতে পারবে না।

**3.10.** কোম্পানি কর্তৃক সরবরাহকৃত পরিবর্তনযোগ্য অ্যাফিলিয়েট কোড ও অ্যাফিলিয়েট পরিসংখ্যানের মাধ্যমে অংশীদার প্রচারণামূলক কার্যক্রমের কার্যকারিতা পর্যবেক্ষণ করতে পারবে।

**3.11.** পাবলিক অফার এগ্রিমেন্ট এর শর্ত অনুযায়ী অংশীদার অ্যাফিলিয়েট অ্যাকাউন্টে অর্থ জমা করতে পারবে ও অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলন করতে পারবে।

**3.12.** বিজ্ঞাপনের জন্য অংশীদার কোম্পানির ব্র্যান্ড পণ্যের ডিজাইন ব্যবহার করতে পারবে।

**3.13.** একজন অংশীদার অন্য অংশীদারদের রেফার করতে পারবে না।

**3.14.** অংশীদার প্যাম ব্যবসায়ীদেরকে রেফার করতে পারবে না এবং তাদের লেনদেন থেকে কমিশন পাবে না।

**3.15.** অংশীদার প্যাম বিনিয়োগকারীদের রেফার করতে পারবে।

**4.** কোম্পানির অধিকার ও বাধ্যবাধকতা

**4.1.** অংশীদার কর্তৃক রেফার করা গ্রাহকদের জন্য কোম্পানি পাবলিক অফার এগ্রিমেন্ট অনুযায়ী ট্রেডিং অ্যাকাউন্ট খুলতে বাধ্য।

**4.2.** গ্রাহকদেরকে লেনদেন কার্যক্রম পরিচালনার অধিকার দেওয়ার জন্য কোম্পানি তাদেরকে লগইন ও পাসওয়ার্ড প্রদান করবে।

**4.3.** ১০ ধারায় বর্ণিত নিয়মানুসারে মাসিক আয়-ব্যয় হিসাবের উপর ভিত্তি করে কোম্পানি অংশীদারের পাওনা পরিশোধ করতে বাধ্য।

**4.4.** কোম্পানি অংশীদারের কাছে গ্রাহক রেফার করার কার্যক্রমের কোর্স এবং ফলাফল সম্পর্কে পরিপূর্ণ প্রতিবেদন চাইতে পারবে।

**4.5.** কোম্পানির অ্যাফিলিয়েট প্রোগ্রামে নিবন্ধনের সময় হতে ৩০ দিনের মধ্যে অংশীদার যদি অন্তত ৩ জন গ্রাহককে রেফার করতে না পারে, তাহলে কোম্পানি এই চুক্তি বাতিল করে দেওয়ার অধিকার সংরক্ষণ করে। অংশীদার যদি ব্যক্তি হন তাহলে তার নিকট আত্মীয়দের রেফার করতে পারবে না। অংশীদার যদি আইনি সত্তা হয়, তাহলে তার প্রতিষ্ঠাতাদের নিকট আত্মীয়দের রেফার করা যাবে না। অংশীদার তার নিজের অ্যাকাউন্টগুলো রেফার করতে পারবে না।

**4.6.** ক্লায়েন্ট ক্যাবিনেটে নিবন্ধিত হওয়ার সময় থেকে ৩০ দিনের মধ্যে গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টে যদি অর্থ জমা করা না হয় অথবা লেনদেন না হয়, তাহলে কোম্পানি অ্যাফিলিয়েট গ্রুপ থেকে গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টকে বাতিল করে দেওয়ার অধিকার সংরক্ষণ করে।

**4.7.** অংশীদার যদি বর্তমান চুক্তির কোনো নিয়ম ভঙ্গ করে, তাহলে কোম্পানি তার অ্যাফিলিয়েট গ্রুপ থেকে গ্রাহকদের বাদ দেওয়ার অধিকার সংরক্ষণ করে।

**4.8.** বর্তমান চুক্তি অনুযায়ী আন্তর্জাতিক অর্থ বাজারে গ্রাহকদের লেনদেন থেকে অংশীদারের প্রাপ্ত কমিশন সম্পর্কে কোম্পানি অ্যাফিলিয়েট গ্রুপের গ্রাহকদের জানাতে পারবে।

**4.9.** অংশীদার যদি বর্তমান চুক্তির কোনো নিয়ম ভঙ্গ করে বা পালন করতে অক্ষম হয়, কোম্পানি নিজ ইচ্ছায় বর্তমান চুক্তি বাতিল করতে পারবে।

**4.10.** বর্তমান চুক্তি ও এর পরিশিষ্টের অন্যান্য কাজগুলো সম্পাদন করার অধিকার কোম্পানির রয়েছে।

**4.11.** গ্রাহক মুনাফা অর্জন করুক বা না করুক, রেফার করা প্রত্যেক সক্রিয় গ্রাহকের জন্য পার্টনার একবার কমিশন পাবে। রেফার করা গ্রাহকের ট্রেডিং কার্যক্রম কম বা অপর্যাপ্ত হলে কোম্পানি কমিশন প্রদান করতে অস্বীকার করতে পারে বা বিলম্ব করতে পারে।

**5.** অংশীদারের কাজের নীতি ও গ্রাহক রেফার করা

**5.1.** ধারা ৩ এর সাথে সঙ্গতি রেখে অংশীদার কোম্পানির কাজকর্মের সাথে সম্পর্কিত একটি ওয়েবসাইট তৈরি করতে পারবে, যেখানে আন্তর্জাতিক অর্থ বাজার, ব্রোকার সেবা, লেনদেন ও বিনিয়োগ সম্পর্কিত তথ্য থাকবে।

**5.2.** নিচের যেকোনো উপায়ে অ্যাফিলিয়েট গ্রুপে একজন গ্রাহকের নিবন্ধন ও রেফার সম্পন্ন হতে পারে:

**5.2.1.** গ্রাহক যদি কোম্পানির অফিসিয়াল ওয়েবসাইটের অ্যাফিলিয়েট লিংক ক্লিক করে।

**5.2.2.** গ্রাহক যদি ট্রেডিং অ্যাকাউন্টের নিবন্ধন ফর্মে অ্যাফিলিয়েট কোড উল্লেখ করে।

**5.2.3.** অংশীদার যদি গ্রাহকের স্বাক্ষর করা গ্রাহক পরিচয় ফর্ম কোম্পানির কাছে জমা দেয়।

**5.3.** গ্রাহক অংশীদারের সেবা প্রত্যাখ্যান করে শুধু কোম্পানির সেবা গ্রহণ গ্রহণ করতে পারবে।

**5.4.** অসাধু প্রতিযোগিতা প্রতিরোধ করার লক্ষ্যে, গ্রাহকদেরকে এক অ্যাফিলিয়েট গ্রুপ থেকে অন্য গ্রুপে স্থানান্তর করা ও বর্তমান গ্রাহকদেরকে অ্যাফিলিয়েট গ্রুপে স্থানান্তর করা নিষিদ্ধ। যেসব গ্রাহক কোম্পানিতে নতুন অ্যাকাউন্ট খুলছে তারাও অ্যাফিলিয়েট গ্রুপে অন্তর্ভুক্ত হওয়ার ক্ষেত্রে বর্তমান চুক্তির এই ধারাটি মেনে চলবে। উল্লেখ্য: কেনো অন্য একটি অ্যাফিলিয়েট গ্রুপে সে স্থানান্তরিত হবে তার ব্যাখা প্রদান করে কোম্পানির কাছে আবেদন করতে পারে। কোম্পানি প্রতিটি আবেদন আলাদাভাবে বিবেচনা করবে ও সিদ্ধান্ত গ্রহণ করবে।

**5.5.** অংশীদার যদি ব্যক্তি হয় তাহলে তার নিজের অ্যাকাউন্ট এবং তার নিকট আত্মীয়দের অ্যাকাউন্ট থেকে অ্যাফিলিয়েট কমিশন পাবে না। অংশীদার যদি আইনি সত্তা হয় তাহলে তার প্রতিষ্ঠাতাদের ও তাদের নিকট আত্মীয়দের ব্যক্তিগত অ্যাকাউন্ট থেকে অ্যাফিলিয়েট কমিশন পাবে না।

**6.** বিরোধ নিষ্পত্তি

**6.1.** অংশীদারের কাছে যদি কোনো ঘটনা বা বিষয় আপত্তিকর মনে হয় তাহলে সে ঘটনাটি ঘটার ৫ কর্মদিবসের মধ্যে কোম্পানির কাছে অভিযোগ করতে পারবে।

**6.2.** কোম্পানির বিপক্ষে যে কোনো অভিযোগ কাগজে লিখে ডাকযোগে বা কুরিয়ারে কোম্পানির কাছে প্রেরণ করতে হবে, অথবা কোম্পানির ওয়েবসাইটে উল্লিখিত ইমেইল ঠিকানায় ইমেইল করতে হবে। অন্য কোনোভাবে অভিযোগ করলে তা গ্রহণ করা হবে না।

**6.3.** অভিযোগের মধ্যে অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে:

**6.3.1.** অংশীদার/ অংশীদারের কোম্পানির পূর্ণ নাম;

**6.3.2.** বিবাদমান বিষয়ের বর্ণনা;

**6.3.3.** বিরোধ নিষ্পত্তিতে সহায়ক হতে পারে এমন অন্য কোনো বিষয় থাকলে তার বর্ণনা

**6.4.** অভিযোগের মধ্যে যা অন্তর্ভুক্ত থাকবে না:

**6.4.1.** বিবাদমান বিষয়ের আবেগপ্রবণ মূল্যায়ন;

**6.4.2.** কোম্পানির বিরুদ্ধে খারাপ ভাষা ব্যবহার;

**6.4.3.** হুমকি প্রদান।

**6.5.** বিরোধ নিষ্পত্তির জন্য প্রয়োজন হলে গ্রাহক/অংশীদারের কাছে কোম্পানি যেকোনো তথ্য চেয়ে অনুরোধ করতে পারবে।

**6.6.** 6.2, 6.3, 6.4, 7.2 এবং 7.3 ধারার শর্তসমূহ পূরণ না হলে কোম্পানি অভিযোগ বাতিল করে দিতে পারে।

**6.7.** কোম্পানি সম্ভব স্বল্পতম সময়ের মধ্যে অংশীদারের অভিযোগ যাচাই, অভিযোগের বিষয়ে সিদ্ধান্ত প্রদান এবং অংশীদারকে ইমেইল করে সিদ্ধান্তের বিষয়ে জানাতে বাধ্য। অভিযোগ প্রদানের তারিখ থেকে সর্বোচ্চ ১০ কার্যদিবসের মধ্যে বিরোধ নিষ্পত্তি করতে হবে।

**6.8.** বর্তমান চুক্তির ব্যাখা বা এর প্রয়োগ সম্পর্কিত বিরোধ পারস্পরিক আলোচনার মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।

**6.9.** বিরোধ নিষ্পত্তির নিয়মানুসারে বিরোধের বিষয়ে কোর্টে মামলা করা যাবে। সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে, অথবা 6.5, 7.2 এবং 7.3 ধারায় বর্ণিত সময় অনুযায়ী কোনো সমাধান না পেলে কোর্টে মামলা করা যাবে।

**7.** তথ্য আদান-প্রদান

**7.1.** কোম্পানি অংশীদারের সাথে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করতে পারবে:

**7.1.1.** ইমেইল;

**7.1.2.** ফ্যাক্স;

**7.1.3.** ফোন;

**7.1.4.** ডাকযোগে;

**7.1.5.** কোম্পানির ওয়েবসাইটের নির্ধারিত স্থানে ঘোষণার মাধ্যমে;

**7.1.6.** ট্রেডিং প্লাটফর্মের অভ্যন্তরীণ মেইলের মধ্যমে;

**7.1.7.** অন্যান্য ইলেক্ট্রনিক যোগাযোগের মাধ্যমে (Skype, ICQ, etc. যেমন- স্কাইপ, আইসিকিউ ইত্যাদি)

**7.2.** 7.1 ধারায় বর্ণিত মাধ্যম অনুসারে অংশীদার কোম্পানির সাথে যোগাযোগ করতে পারবে।

**7.3.** অপর পক্ষ বার্তা, নথিপত্র, ঘোষণা, বিজ্ঞপ্তি, নিশ্চয়তা, রিপোর্ট ইত্যাদি গ্রহণ করেছে বলে বিবেচিত হবে:

**7.3.1.** ইমেইলের মাধ্যমে পাঠানোর এক ঘণ্টা পর;

**7.3.2.** ট্রেডিং প্লাটফর্মের অভ্যন্তরীণ মেইলের মাধ্যমে পাঠানোর ১ ঘণ্টা পর;

**7.3.3.** ফ্যাক্সের মাধ্যমে পাঠানোর ১ ঘণ্টা পর;

**7.3.4.** ফোন কল শেষ হওয়ার সাথে সাথে;

**7.3.5.** ডাকযোগে ডকুমেন্ট পাঠানোর ৭ দিন পর;

**7.3.6.** কোম্পানির ওয়েবসাইটে ঘোষণা প্রকাশিত হওয়ার ১ ঘণ্টা পর

**8.** গোপনীয় তথ্য

**8.1.** কোম্পানি সাথে সম্পর্ক থাকার সময় প্রাপ্ত তথ্য এবং বর্তমান চুক্তির অন্তর্ভুক্ত কোনো তথ্য এই চুক্তির মেয়াদ থাকার সময় এবং চুক্তি বাতিল হওয়ার ৫ বছরের মধ্যে অংশীদার প্রকাশ করতে পারবে না।

**8.2.** অংশীদার কোম্পানির ব্যবসা ও সেবা সম্পর্কিত তথ্য প্রতিদ্বন্দ্বী তৃতীয় পক্ষের কাছে প্রকাশ করতে পারবে না।

**8.3.** গ্রাহকের অ্যাকাউন্ট সম্পর্কিত তথ্য, ব্যক্তিগত তথ্য এবং লেনদেন সম্পর্কিত তথ্য উভয় পক্ষ গোপন রাখবে।

**9.** আয় এবং এর সাথে সম্পর্কিত বিষয়ের পারস্পরিক নিষ্পত্তি

**9.1.** অ্যাফিলিয়েট গ্রুপের অন্তর্ভুক্ত গ্রাহকের নিবন্ধন তথ্য ও অংশীদারের নিবন্ধন তথ্য যদি আংশিক বা সম্পূর্ণ মিলে যায়, তাহলে কোম্পানি উক্ত অ্যাফিলিয়েট অ্যাকাউন্টের ক্ষেত্রে বর্তমান চুক্তির 5.5 এবং 9.4 ধারা সম্পূর্ণরূপে আরোপ করতে পারবে।

**9.2.** অংশীদারের অ্যাফিলিয়েট গ্রুপের অন্তর্ভুক্ত কোনো গ্রাহক অ্যাকাউন্টের ব্যবহৃত IP ও অ্যাফিলিয়েট অ্যাকাউন্টের ব্যবহৃত IP যদি একই হয়, তাহলে কোম্পানি উক্ত অ্যাফিলিয়েট অ্যাকাউন্টের জন্য বর্তমান চুক্তির 5.5 এবং 9.5 ধারা সম্পূর্ণরূপে ব্যবহার করতে পারবে।

**9.3.** অংশীদার যদি বর্তমান চুক্তির 3.1, 5.4. এবং 9.4. ধারা ভঙ্গ করে, তাহলে অংশীদারের কার্যক্রম অ্যাফিলিয়েট প্রোগ্রামের মূলনীতির সাথে অসঙ্গতিপূর্ণ হিসাবে বিবেচিত হতে পারে। উপরে উল্লিখিত ধারাগুলো ভঙ্গ করে রেফার করা গ্রাহক অ্যাফিলিয়েট গ্রুপ থেকে বাতিল হবে এবং তাদের লেনদেন থেকে প্রাপ্ত কমিশনও সম্পূর্ণরূপে বাতিল হবে।

**9.4.** বর্তমান চুক্তির অপপ্রয়োগ করা হলে বা অংশীদারের কার্যক্রম বর্তমান চুক্তির সাথে অসঙ্গতিপূর্ণ হলে, অ্যাফিলিয়েট কমিশন উত্তোলনের জন্য অংশীদারের আবেদন কোম্পানি বাতিল করে দিতে পারবে।

**9.5.** অংশীদার মাসিক ভিত্তিতে কোম্পানির কাছে রেফারকৃত গ্রাহক সংখ্যা এবং গ্রাহক অ্যাকাউন্ট সংখ্যা জানতে চাইতে পারবে।

**9.6.** যদি রেফারকৃত কোনো গ্রাহকের অ্যাকাউন্ট থেকে Instant Trading Ltd. সাধারণ নিয়ম ভঙ্গ করে অর্ডার প্রদান করা হয়, বোনাস পদ্ধতির নিয়ম ভঙ্গ করা হয় অথবা জালিয়াতির অভিযুক্ত কোনো অ্যাকাউন্ট থেকে কমিশন দাবি করা হয়, তাহলে কোম্পানি এসব অ্যাকাউন্ট থেকে প্রাপ্ত কমিশন বাতিল করতে পারবে এবং এসব অ্যাকাউন্টকে অ্যাফিলিয়েট গ্রুপ থেকে বাদ দিতে পারবে।

**9.7.** গ্রাহক তার অ্যাকাউন্টে অর্থ জমা করার অন্তত এক মাস পর অ্যাফিলিয়েট অ্যাকাউন্টে কমিশন প্রদান করা হয়। এই প্রোগ্রামের অবৈধ ব্যবহার রোধ করার জন্য সর্বোচ্চ সময় নির্ধারণ করা হয়নি।

**9.8.** যদি অ্যাফিলিয়েট গ্রুপের অন্তর্ভুক্ত কোনো গ্রাহক কোম্পানির ডিলিং ডিপার্টমেন্টে অংশীদার কমিশন গ্রহণ করেছে এমন কোনো অর্ডার সম্পর্কে অভিযোগ করে, তাহলে কোম্পানি সম্পূর্ণ অ্যাফিলিয়েট কমিশন বাতিল করে দিতে পারবে।

**9.9.** বর্তমান চুক্তির পরিশিষ্ট ১ অনুযায়ী কোম্পানি অংশীদারকে কমিশন প্রদান করে।

**9.10.** উভয়পক্ষ তাদের শুল্ক এবং তৃতীয়পক্ষকে অন্য যেকোনো কর আলাদাভাবে হিসাব ও প্রদান করবে।

**9.11.** অ্যাফিলিয়েট কমিশন উত্তোলনের আবেদন পেমেন্ট সিস্টেমের নির্ধারিত সময়সীমা অনুযায়ী প্রক্রিয়াকরণ করা হবে। কমিশন যদি রেফারাল অ্যাকাউন্ট থেকে অর্জিত হয় এবং রেফারাল অ্যাকাউন্ট যদি ক্রেডিট কার্ড বা অন্য কোনো পেমেন্ট সিস্টেম ব্যবহার করে অর্থ জমা করে, তাহলে উক্ত সিস্টেমের মাধ্যমে শেষবার অর্থ জমা করার পর থেকে ৪৫ দিন বা প্রয়োজনে আরও বেশি সময়সীমা নির্ধারণ করা হতে পারে। কোম্পানি এমন সীমাবদ্ধতা সম্পর্কে অংশীদারকে যথাযথভাবে অবহিত করবে।

**9.12.** কোম্পানি অংশীদারকে অ্যাফিলিয়েট কমিশন প্রদান করবে যদি অংশীদার

অন্তত তিনজন সক্রিয় গ্রাহককে রেফার করে।

**10.** চূড়ান্ত বিধান

**10.1.** উভয় পক্ষ যথাযথভাবে স্বাক্ষর করার পর বর্তমান চুক্তি কার্যকর হবে।

**10.2.** উভয় পক্ষ স্বাক্ষর করার পর থেকে ১২ মাস পর্যন্ত এই চুক্তির মেয়াদ থাকবে।

**10.3.** বর্তমান চুক্তির শর্তসমূহ পূরণ হলে, চুক্তির মেয়াদ অনির্দিষ্ট সময় পর্যন্ত বর্ধিত করা যাবে।

**10.4.** কোম্পানি বর্তমান চুক্তির যেকোনো শর্ত সংশোধন বা সংযোজন করতে পারবে এবং ৫ দিন পূর্বে এই বিষয়ে নোটিশ প্রদান করবে।

**10.5.** যেকোনো পক্ষ অন্য পক্ষকে অন্তত ৫ দিন পূর্বে নোটিশ প্রদান করে একতরফাভাবে বর্তমান চুক্তি বাতিল করতে পারবে।

**10.6.** কোনো পক্ষ যদি বার বার নিয়ম ভঙ্গ করে, বা বর্তমান চুক্তির অন্যান্য বিষয়ের ক্ষেত্রে যেকোনো পক্ষ বর্তমান চুক্তি বাতিলের জন্য আদালতের শরণাপন্ন হতে পারবে ।

**10.7.** এই চুক্তির কোনো সংশোধন, সংযোজন বা পরিশিষ্ট লিখিত আকারে না থাকলে এবং উক্ত সংশোধন, সংযোজন বা পরিশিষ্টতে উল্লিখিত সময়সীমার মধ্যে উভয়পক্ষ যথাযথভাবে স্বাক্ষর না করলে তা কার্যকর হবে না। যদি কার্যকর হওয়ার সময় উল্লেখ না থাকে, তাহলে উভয়পক্ষ স্বাক্ষর করার পর থেকে তা কার্যকর হবে।

**10.8.** বর্তমান চুক্তি এবং এর পরিশিষ্টর দুইটি কপি থাকবে, যা প্রত্যেক পক্ষের কাছে একটি করে কপি থাকবে। উভয় কপি সমানভাবে নির্ভরযোগ্য বলে বিবেচিত হবে।

---

* পরিশিষ্ট #1:
পারস্পরিক সমঝোতা

**1.** অ্যাফিলিয়েট কমিশনের পরিমাণ নির্দিষ্ট।

**1.1.** গ্রাহকের প্রথম ডিপোজিট যদি 200 মার্কিন ডলারের কম হয়, তাহলে কোম্পানি অংশীদারকে ডিপোজিটের সমপরিমাণ অর্থ কমিশন প্রদান করবে।

**1.2.** গ্রাহকের প্রথম ডিপোজিটের পরিমাণ যদি 200 মার্কিন ডলার থেকে 500 মার্কিন ডলারের মধ্যে হয়, তাহলে কোম্পানি অংশীদারকে 200 মার্কিন ডলার কমিশন প্রদন করবে।

**1.3.** গ্রাহকের প্রথম ডিপোজিটের পরিমাণ যদি 500 মার্কিন ডলার থেকে 1,000 মার্কিন ডলারের মধ্য হয়, তাহলে কোম্পানি অংশীদারকে 300 মার্কিন ডলার কমিশন প্রদান করবে।

**1.4.** গ্রাহকের প্রথম ডিপোজিটের পরিমাণ যদি 1,000 মার্কিন ডলার থেকে 2,500 মার্কিন ডলারের মধ্যে হয়, তাহলে কোম্পানি অংশীদারকে 500 মার্কিন ডলার কমিশন প্রদান করবে।

**1.5.** গ্রাহকের প্রথম ডিপোজিটের পরিমাণ যদি 2,500 মার্কিন ডলার থেকে 5,000 মার্কিন ডলারের মধ্যে হয়, তাহলে কোম্পানি অংশীদারকে 750 মার্কিন ডলার কমিশন প্রদান করবে।

**1.6.** গ্রাহকের প্রথম ডিপোজিটের পরিমাণ যদি 5,000 মার্কিন ডলার থেকে 10,000 মার্কিন ডলারের মধ্যে হয়, তাহলে কোম্পানি অংশীদাকে 1,000 মার্কিন ডলার কমিশন প্রদান করবে।

**1.7.** গ্রাহকের প্রথম ডিপোজিটের পরিমাণ যদি 10,000 মার্কিন ডলার থেকে 20,000 ডলারের মধ্যে হয়, তাহলে কম্পানি অংশীদারকে 1,500 মার্কিন ডলার কমিশন প্রদান করবে।

**1.8.** গ্রাহকের প্রথম ডিপোজিটের পরিমাণ যদি 20,000 মার্কিন ডলারের বেশি হয়, তাহলে কোম্পানি অংশীদারকে 2,000 মার্কিন ডলার কমিশন প্রদান করবে।

**2.** কোম্পানি এবং অংশীদারের সমঝোতায় পেমেন্টের পরিমাণ ভিন্ন হতে পারে।